

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৩৬
আগরতলা, ১৯ ফেব্রুয়ারি, ২০১৯

২১ ফেব্রুয়ারি থেকে শুরু হচ্ছে পশ্চিম জেলাভিত্তিক যাত্রা উৎসব

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে পশ্চিম জেলাভিত্তিক যাত্রা উৎসব আগামী ২১ ফেব্রুয়ারি থেকে শুরু হচ্ছে। জেলার বেরীমুড়া, কামালঘাট ও নরসিংগড়ে চারদিন ব্যাপী এই যাত্রা উৎসব অনুষ্ঠিত হবে। আগামী ২১ ফেব্রুয়ারি বিকেল ৫টায় নরসিংগড় বাজারে যাত্রা উৎসবের উদ্বোধন হবে। এদিন উদ্বোধনী পর্বের পর ধর্মনগর থেকে আমন্ত্রিত ধর্মনগর নাট্য সংস্থার ভৈরব গঙ্গোপাধ্যায়ের যাত্রাপালা ‘দেবী সুলতানা’ মঞ্চস্থ হবে। বেরীমুড়ায় সন্ধ্যা ৬টায় নীলকণ্ঠ সোস্যাল এন্ড কালচারেল সোসাইটির ভৈরব গঙ্গোপাধ্যায়ের যাত্রাপালা ‘মহাতীর্থ কালীঘাট’ মঞ্চস্থ হবে। দ্বিতীয় দিন ২২ ফেব্রুয়ারি বেরীমুড়ায় সন্ধ্যা ৬টায় মলয়নগর নাট্য সংস্থার ভৈরব গঙ্গোপাধ্যায়ের যাত্রাপালা ‘মহাতীর্থ কালীঘাট’ মঞ্চস্থ হবে। কামালঘাটে রাত ৯টায় শিল্পীতীর্থ যাত্রা দলের ‘জীবন নদীর তীরে’ যাত্রাপালা মঞ্চস্থ হবে। তৃতীয় দিন ২৩ ফেব্রুয়ারি সন্ধ্যা ৬টায় নরসিংগড়ে জাগৃতি কালচারেল সোসাইটির ‘মীরার বধূয়া’ যাত্রাপালা মঞ্চস্থ হবে। কামালঘাটে রাত ৯টায় সজনম অপেরা যাত্রা দলের ‘নিচু তলার মানুষ’ মঞ্চস্থ হবে। ৪র্থ দিন ২৪ ফেব্রুয়ারি সন্ধ্যা ৬টায় নরসিংগড় বাজারের মঞ্চ পিপলস থিয়েটার যাত্রা দলের ‘কয়েদী’ যাত্রাপালা মঞ্চস্থ হবে। এদিন সন্ধ্যা ৬টায় বেরীমুড়ার যাত্রা মঞ্চ আনন্দলোক নাট্য অপেরার ‘রক্তাত্ত্ব রাজপথ’ যাত্রাপালা মঞ্চস্থ হবে।
